

## খসড়া তালিকা প্রকাশ নতুন ভোটার সাড়ে ৪৩ লাখ

নিজস্ব প্রতিবেদক •  
সারা দেশের ২০১৫-১৬ সালের  
হালনাগাদকৃত খসড়া ভোটার  
তালিকা গতকাল শনিবার প্রকাশ  
করেছে নির্বাচন কমিশন (ইসি)। এ  
তালিকা অনুযায়ী নতুন ভোটার ৪৩  
লাখ ৬৮ হাজার ৪৭ জন। এটি  
বিদ্যমান ভোটারের ৪ দশমিক ৫  
শতাংশ। নতুন ভোটারদের মধ্যে  
পুরুষ ২২ লাখ ৯৭ হাজার ৮৯৫ ও  
নারী ২০ লাখ ৭০ হাজার ১৫২।  
হিসাব অনুযায়ী পুরুষ ভোটার ৫৩ ও  
নারী ভোটার ৪৭ শতাংশ।

ভোটার তালিকা প্রকাশের পর  
ইসির মিডিয়া সেন্টারে এক সংবাদ  
সম্মেলনে কমিশনের সচিব মো.  
সিরাজুল ইসলাম জানান, নারী  
ভোটার বাড়াতে নানা উদ্যোগের  
পরও নতুন খসড়া ভোটার তালিকায়  
পুরুষের আধিপত্য রয়ে গেছে। তবে  
চূড়ান্ত তালিকা প্রকাশের পর বিদ্যমান  
ভোটারদের নিয়ে যে মোট ভোটার  
সংখ্যা দাঁড়াবে, এতে নারী-পুরুষের  
সংখ্যা প্রায় এরপর পৃষ্ঠা ১১, কলাম ২

## নতুন ভোটার সাড়ে ৪৩ লাখ

(প্রথম পৃষ্ঠার পর) সমান হবে বলে জানান তিনি। বর্তমানে মোট ভোটার আছেন ৯  
কোটি ৬২ লাখ ২৬ হাজার ৫৪২ জন।

এদিকে খসড়া ভোটার তালিকা জেলা নির্বাচন অফিস, সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন  
অফিসারের (উপজেলা/থানা নির্বাচন) অফিস, রিভাইজিং অথরিটির কার্যালয়,  
ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ওয়ার্ড অফিস/ক্যান্টনমেন্ট বোর্ড অথবা রেজিস্ট্রেশন কেন্দ্র  
অথবা জনগুরুত্বপূর্ণ স্থানে টানানো হচ্ছে। খসড়া তালিকার ওপর আপত্তি ও  
সংশোধনের জন্য আবেদনের শেষ তারিখ ১৭ জানুয়ারি। ২২ জানুয়ারির মধ্যে এসব  
দাবি আবেদন নিষ্পত্তি করে ৩১ জানুয়ারি হালনাগাদ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ  
করা হবে।

জানা গেছে, হালনাগাদকৃত তালিকায় ৭ লাখ ৩৫ হাজার ৮৭১ মৃত ভোটারের  
নাম কর্তন করা হয়েছে। এর মধ্যে পুরুষ ৪ লাখ ৮৫ হাজার ৭৯৯ ও নারী ২ লাখ  
৫০ হাজার ৭২।

এর আগে ২০১৩ ও ২০১৪ সালের হালনাগাদে ৪৬ লাখ ৯৫ হাজার ৬৫০ নতুন  
ভোটার পাওয়া যায়। এতে পুরুষ ভোটার ৫৬ ও নারী ৪৪ শতাংশ ছিল। পুরুষ-নারীর  
অনুপাতের ব্যবধান ছিল ১২ শতাংশ।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ইসির অতিরিক্ত সচিব মোখলেসুর রহমান,  
এনআইডির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সুলতানুজ্জামান মো. সালাউদ্দীন ও  
পরিচালক সৈয়দ আবু মুসা।